# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৯০]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ১১: বালেগ হওয়ার পূবে ইমামাত

## إمامة الغلام قبل أن يحتلم

আরবী

خْبَرَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَسْرُوقِيُّ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنْ زَائِدَةَ، عَنْ سُفْيَانَ، عَنْ أَيُّوبَ، قال: حَدَّثَنِيعَمْرُو بْنُ سَلَمَةَ الْجَرْمِيُّ، قال: كَانَ يَمُرُّ عَلَيْنَا الرُّكْبَانُ فَنَتَعَلَّمُ مِنْهُمُ الْقُرْآنَ فَأَتَى أَبِي النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: لِيَؤُمَّكُمْ أَكْثَرُكُمْ قُرْآنًا فَجَاءَ أَبِي فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لِيَؤُمَّكُمْ أَكْثَرُكُمْ قُرْآنًا فَنَظَرُوا فَكُنْتُ أَكْثَرَهُمْ قُرْآنًا فَكُنْتُ أَؤُمُّهُمْ وَأَنَا ابْنُ ثَمَانِ سِنِينَ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٣٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 790 ـ صحيح

বাংলা

৭৮৯. মূসা ইবনু আবদুর রহমান আল মাসরূকী (রহ.) ..... ’আমর ইবনু সালামাহ্ আল জারমী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমাদের কাছে আরোহী যাত্রীগণ আসতেন, আমরা তাদের কাছে কুরআন শিক্ষা করতাম। আমার পিতা নবী (সা.)-এর কাছে আসলে তিনি বলেন, তোমাদের মধ্যে যে কুরআন অধিক জানে সেই ইমামতি করবে। আমার পিতা এসে বললেন, আল্লাহর রসূল (সা.) বলেছেন, তোমাদের মধ্যে যে অধিক কুরআন জানে সে ইমামতি করবে। অতঃপর তারা লক্ষ্য করল যে, আমি তাদের মধ্যে সবচেয়ে বেশি কুরআন জানি, তাই আমি তাদের ইমামতি করতাম আর তখন আমি ছিলাম আট বছরের বালক।

## English

11. A Boy Leading The Prayer Before Reaching Puberty

Amr bin Salamah Al-Jarmi said: Riders used to pass by us and we would leam the Qur'an from them. My father came to the Prophet (ﷺ) and he said: 'Let the one of you who knows most Qur'an leads the prayer.' My father came and said that the Messenger of Allah (ﷺ) had said: 'Let the one of you who knows most Quran lead you in prayer.' They looked and found that I was the one who knew most Qur'an, so I used to lead them in prayer when I was eight years old.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৪৩০২, আবু দাউদ ৫৮৫। [দ্রঃ ৬৩৬]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আমর ইবনু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন